

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
প্রশাসন শাখা
www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০৩৬.১২.০০১.১৭.১৪৯

তারিখ: ৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৪ মার্চ ২০২৪ তারিখের ৮০.০০.০০০০.১০২.১২.০১৫.২৩-৯২ সংখ্যক পত্রে প্রাপ্ত সুপারিশের পরিপ্রেক্ষিতে "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০" মোতাবেক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নিম্নবর্ণিত কর্মচারীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ১৬০০০-৩৮৬৪০ বেতনক্রমে (গ্রেড-১০) নিম্নোক্ত শর্তে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রম.	জ্যেষ্ঠতা নং	নাম ও পূর্ববর্তী পদবি	সুপারিশকৃত পদ ও গ্রেড
১.	০২	ছেয়দ বিল্লাল হোসেন অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (১৬তম গ্রেড)	প্রশাসনিক কর্মকর্তা (১০ম গ্রেড)

শর্তসমূহ:

- পদোন্নতির আদেশ পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে;
- উল্লিখিত কর্মকর্তাকে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ০১ (এক) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে নিয়োগ করা হলো। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিশের মেয়াদ বৃদ্ধি করে সর্বসাকুল্যে ০২ (দুই) বছর করতে পারবেন;
- শিক্ষানবিশ মেয়াদ চলাকালে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তার আচরণ ও কর্ম সন্তোষজনক থাকা সাপেক্ষে পদোন্নতিপ্রাপ্ত পদে তাঁর চাকরি স্থায়ী করা হবে;
- শিক্ষানবিশ মেয়াদে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন তাঁর আচরণ ও কর্ম সম্পাদনের মান সন্তোষজনক নয় অথবা তাঁর কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর যে পদ থেকে পদোন্নতি দেয়া হয়েছিল সে পদে প্রত্যাবর্তন করাতে পারবেন;
- এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ কোন ক্ষেত্রে তাঁর চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২১-০৩-২০২৪

মোঃ জাকির হোসেন বাচ্চু

উপসচিব

০২৪১০২৪০২৬

zakir.hossain@ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০৩৬.১২.০০১.১৭.১৪৯/১ (১৩)

তারিখ: ৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ২। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ;
- ৩। সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;
- ৪। অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ৫। যুগ্মসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ৬। উপসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

- ৭। উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ);
- ৮। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ১০। প্রোগ্রামার, ডিজিটাল সিকিউরিটি মনিটরিং ও অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রজ্ঞাপনটি বিভাগের ওয়েবসাইটে প্রকাশ এবং তথ্য আপডেট করার অনুরোধসহ);
- ১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
- ১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব ও নিরীক্ষা শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং
- ১৩। হৈয়দ বিল্লাল হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।



২১-০৩-২০২৪

মোঃ জাকির হোসেন বাচ্চু
উপসচিব